

বাউবির সাবেক ডিন ড. মমতাজউদ্দীনকে উপাচার্যের অভিনন্দন

প্রেস রিলিজ

৩ ফেব্রুয়ারি ২০২৩ ০৬:৫৭ পিএম | আপডেট: ৩ ফেব্রুয়ারি
২০২৩ ০৬:৫৭ পিএম



advertisement

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের সাবেক ডিন বিশিষ্ট ইতিহাসবিদ ও কলামিস্ট অধ্যাপক ড. মমতাজউদ্দীন পাটোয়ারী 'ইউজিসি বঙ্গবন্ধু শেখ মুজিব ফেলোশিপ ২০২২' শীর্ষক গবেষণার ফেলো হিসেবে মনোনীত হওয়ায় বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার ০১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ তার কার্যালয়ে ড. মমতাজউদ্দীন পাটোয়ারীকে অভিনন্দন জানিয়েছেন।

অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন ড. পাটোয়ারীর এই গবেষণা কর্মের মাধ্যমে বর্তমান প্রজন্ম অনুপ্রাণিত হবে এবং এটাই হবে দেশ ও জাতির স্বার্থকতা। তার গবেষণা কর্মের মাধ্যমে বাউবি থেকেও অনেকে গবেষণায় অনুপ্রাণিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন উপাচার্য। গবেষণার কর্মক্ষেত্র হিসেবে বাউবিকে বেছে নেয়ায় উপাচার্য ড. পাটোয়ারীকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

advertisement

এ সময় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, বিভিন্ন স্কুলের ডিন, পরিচালক ও মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের পরিচালক উপস্থিতি ছিলেন।

advertisement 4

‘ইউজিসি বঙ্গবন্ধু শেখ মুজিব ফেলোশিপ ২০২২’ গবেষণা প্রস্তাবনায় ফেলো হিসেবে মনোনীত হয়ে ড. মমতাজউদ্দীন পাটোয়ারী বুধবার সকালে বিশ্ববিদ্যালয় ম্যাজিস্ট্রেজুরি কমিশনে যোগদান করেন। দুপুরে তিনি বাউবি’র গাজীপুর ক্যাম্পাসে সাবেক সহকর্মীদের অভ্যার্থনা ও ভালবাসায় সিক্ত হয়ে দীর্ঘ কর্মজিবনের গল্প, এদেশের ইতিহাস, বঙ্গবন্ধুর ছয় দফা, মুক্তিযুদ্ধ, বাকশাল গঠন, ২০০১ সন থেকে ২০০৬ পর্যন্ত বিভিন্ন পাঠ্যপুস্তকে ইতিহাস বিকৃতি, বঙ্গবন্ধুর জীবনাদর্শ, গবেষণার গুরুত্ব ও আগামীর ভাবনা তুলে ধরেন। ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাষ্ট্রচিন্তা এবং বাংলাদেশ রাষ্ট্র নির্মাণের সূচনা’ শীর্ষক গবেষণা কাজের জন্য বাউবি’র কেন্দ্রীয় লাইব্রেরিতে তাঁকে একটি কক্ষ বরাদ্দ দেয়া হয়েছে।